



# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫  
ফোন : ৯১৩১৫৮০, ফ্যাক্স : +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইল : dkibbd@gmail.com, ওয়েব : www.dkib.org

স্মারক নং- ২৮২

তারিখ : ২৬.০৫.২০১৭


### বন্যা দুর্গত কৃষক ভাইদের পাশে দাঁড়ানোর জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সকল সদস্যদের প্রতি আহ্বান

এ কথা সর্বজন স্বীকৃত যে, মাঠে ময়দানে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদগণ কৃষকদের বন্ধু হিসাবে তাদের কাঁধে কাঁধ মিলিয়ে কৃষি উৎপাদনের সম্মুখ সারির সৈনিক হিসেবে মহান দায়িত্ব পালন করে থাকেন। রোদ, বৃষ্টি, বাড়-ঝঞ্জাকে উপেক্ষা করে কৃষকদের পাশে থেকে তাদেরকে সর্বাঙ্গিক সহযোগিতা করাই কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের পেশাগত দায়িত্ব। বন্যা, খরার মত প্রাকৃতিক দুর্যোগে বিশেষ করে চলমান বন্যা পরিস্থিতিতে নিজেদেরকে চাকুরীগত সময়ের ফ্রেমে আবদ্ধ না রেখে সার্বক্ষণিকভাবে কৃষকদের পাশে থেকে তাদেরকে সহায়তা করাই এ মুহুর্তে সকল ডিপ্লোমা কৃষিবিদদের পবিত্র ও মহান দায়িত্ব।

সম্প্রতি দেশব্যাপী বিরাজমান বন্যা পরিস্থিতি দুর্গত মানুষকে বিশেষ করে কৃষক ভাইদের অসহায় অবস্থায় ফেলে দিয়েছে। বন্যায় ডুবে যাওয়া রোপা আমনসহ বিভিন্ন ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে, কৃষকরা এখন দিশেহারা। আশার কথা, মানুষের এই দুঃসময়ে সহায়তার হাত নিয়ে এগিয়ে এসেছেন কৃষক বান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। প্রায় প্রতিদিনই তিনি বন্যাদুর্গত মানুষের কাছে যাচ্ছেন, কথা শুনছেন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করছেন।

সারা দেশে মাঠ পর্যায়ে কৃষকদের নিয়ে কাজ করছেন ডিপ্লোমা কৃষিবিদগণ। কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালনসহ ক্ষতিগ্রস্ত কৃষকভাইদের কাছে থেকে সার্বক্ষণিক পরামর্শ ও সহযোগিতা করা এখন জরুরী কর্তব্য। কৃষকভাইদের ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য অতিদ্রুত বন্যামুক্ত উচু জায়গায় অথবা ভাসমান পদ্ধতিতে নাবী জাতের রোপা আমন এবং শাক সবজির বীজতলা তৈরি করা, বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে এলাকাভিত্তিক বিনা চাষে ফসল উৎপাদনের পরামর্শ প্রদানসহ বন্যামুক্ত উচু জায়গায় আগাম সবজি চাষ, বন্যাভোগের ফসলের নিবিড় পরিচর্যার পরামর্শ দেয়া এবং পরিবেশ পরিস্থিতির সাথে খাপ খাইয়ে লাগসই প্রযুক্তি সরবরাহ করা ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের দায়িত্ব ও কর্তব্য। এই পবিত্র দায়িত্ব এবং কর্তব্য পালনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান/বিভিন্ন বিভাগ ও সংস্থায় কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সকল সদস্যদের প্রতি উদাত্ত আহ্বান জানাচ্ছি।

কেবল পেশাগত দৃষ্টি ভঙ্গিতেই নয়, মানবিকতার দৃষ্টিভঙ্গি জাগ্রত করে সার্বক্ষণিকভাবে বন্যা দুর্গতদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করা এবং কৃষক ভাইদের ঘরে পরবর্তী ফসল না উঠা পর্যন্ত নিরলস পরিশ্রম চালিয়ে যাওয়ার জন্য সকল ডিপ্লোমা কৃষিবিদদের প্রতি বিনীত অনুরোধ রইল।

  
(এ টি এম আবুল কাশেম)

সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

মোবাঃ ০১৭১১-৪৮৮৪২৫

  
(মোঃ আলফাজ উদ্দিন)

মহাসচিব (ভারপ্রাপ্ত)

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

মোবাঃ ০১৮১৯-৪২৫০১৫